

## ববির চার কর্মকর্তার পদোন্নতি বাতিল

আল মামুন, বরিশাল

২৮ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ মে ২০১৯ ০০:৩২



সংবাদ প্রতিদিন  
আমাদের সময়

স্থায়ীভাবে ছুটিতে থাকা বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) উপাচার্য অধ্যাপক ড. এসএম ইমামুল হক অবৈধভাবে চার কর্মকর্তার পদোন্নতি দেন, যা বাতিল করা হয়েছে। রবিবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মাহাবুব হাসান ওই চারজনের পদোন্নতিপত্র বাতিল করেন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ববির পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের উপপরিচালক মো. হুমায়ুন কবিরকে পরিচালক, একই বিভাগের সহকারী পরিচালক মুহাম্মদ মিজানুর রহমানকে উপপরিচালক, অর্থ ও হিসাব বিভাগের উপপরিচালক সুব্রত কুমার বাহাদুরকে পরিচালক ও নির্বাহী প্রকৌশলী মো. মুরশীদ আবেদীনকে ডেপুটি চিফ প্রকৌশলী পদে চলতি দায়িত্বে পদোন্নতি দেওয়া হয়েছিল। বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের কার্যালয় সূত্রে জানা গেছে, শিক্ষার্থীদের আন্দোলনের কারণে চাকরির শেষদিন পর্যন্ত স্বেচ্ছায় ছুটিতে চলে যান উপাচার্য অধ্যাপক ড. এসএম ইমামুল হক। কিন্তু ছুটিতে যাওয়ার আগে তিনি পেছনের তারিখ দেখিয়ে অর্থাৎ গত ১৮ এপ্রিল কোনো প্রকার সিডিকেট সভা বা পদোন্নতি বোর্ড ছাড়াই বিভিন্ন পদে ওই চার কর্মকর্তাকে পদোন্নতি দেন। এ ঘটনা জানতে পেরে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও শিক্ষার্থীরা ক্ষুব্ধ হন এবং তাদের পদোন্নতি বাতিলের দাবি জানান। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মাহাবুব হাসান জানান, গত ১৩ মে ওই চারজন যোগদানপত্র নিয়ে এসেছিলেন। যাচাই করে দেখা গেছে, তাদের বিশ্ববিদ্যালয়ের বিধান মোতাবেক পদোন্নতি দেওয়া হয়নি। তাই এ পদোন্নতি বাতিল করা হয়েছে।